অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/6/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করলেন যে জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরকে (JOHN F. KENNEDY INTERNATIONAL AIRPORT, JFK) একবিংশ শতাব্দীর গেটওয়েতে পরিণত করার অংশ হিসেবে আমেরিকান এয়ারলাইন্স (AMERICAN AIRLINES) ও ব্রিটিশ এয়ারওয়েজ (BRITISH AIRWAYS) 344 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে

টার্মিনাল 8 এর সম্প্রসারণে অন্তর্ভুক্ত হবে নতুন কাস্টোমার সুযোগসুবিধার মত ফিচার এবং নিউ ইয়র্ক ও লন্ডনের মধ্যে কম সময়ের মধ্যে অনেকগুলি ফ্লাইটের সেবা প্রদান সচল করা হবে

এটি JFK কে একটি আধুনিক, সমন্বিত বিমানবন্দরে পরিণত করার গভর্নরের 13 বিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পকে আরো অগ্রসর করলো

টার্মিনাল প্রকল্পটি 750টিরও বেশি কর্মসংস্থান সৃষ্টি করবে, যা JFK আধুনিকায়নে তৈরি হওয়া মোট 9,600টি চাকরির সাথে যুক্ত হবে

রেন্ডারিং দেখা যাবে এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে ঘোষণা করলেন যে জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরকে দেশের জন্য একটি আধুনিক একবিংশ শতাব্দীর গেটওয়ে হিসেবে তৈরি করার গভর্নরের ব্যাপক পরিকল্পনার অংশ হিসেবে, টার্মিনাল 8 এ কাস্টোমার অভিজ্ঞতা সম্প্রসারণ ও উন্নত করতে আমেরিকান এয়ারলাইন্স ও ব্রিটিশ এয়ারওয়েজ 344 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে।

"মাত্র চার মাস আগেই, আমরা JFK বিমানবন্দরকে একটি অত্যাধুনিক বৈশ্বিক হাবে পরিণত করার পরিকল্পনা ঘোষণা করেছিলাম, 4 মিলিয়ন স্কয়ার ফিট অতিরিক্ত স্থান যোগ করে নতুন এবং সমন্বিত টার্মিনাল তৈরি, এবং বিমানবন্দরের ধারণক্ষমতা বার্ষিক অন্তত 15 মিলিয়ন করার মাধ্যমে", **গভর্নর কুওমো বলেন।** "আজকে রূপান্তর প্রক্রিয়াটি ভালোভাবেই চলছে, এবং JFK কে সত্যিকারের আধুনিক বিমানবন্দরে পরিণত করতে এই অসাধারণ ব্যক্তিগত বিনিয়োগ হল। নিউ ইয়র্কের সব বিমানবন্দরকে আধুনিকায়ন করার জন্য স্টেটের বৃহত্তর প্রচেষ্টার একটি অবিচ্ছেদ্য অংশ এই নতুন বিনিয়োগ। JFK, লাগার্ডিয়া (LaGuardia, LGA), ইথাকা (Ithaca), রোচেস্টার (Rochester) - ভবিষ্যতের জন্য আমাদের বিমানবন্দর পরিকাঠামো পুনর্নির্মাণ করে, নিউ ইয়র্ক স্টেট দেশের সদর দরজা হয়ে থাকবে এটি নিশ্চিত করতে আমরা ঐতিহাসিক অগ্রগতি করছি।"

"JFK বিমানবন্দরের সেবা সম্প্রসারণ ও আধুনিকায়ন করতে আমাদের প্রসেসটাকে এই উল্লেখযোগ্য বিনিয়োগ অব্যাহত রাখলো", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "প্রকল্পটি নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে এবং হাজার হাজার নিউ ইয়র্কবাসীর জন্য নতুন সুযোগ সৃষ্টি করবে, এবং আমাদের স্টেটের অর্থনীতিকে বিকাশ

করতে সাহায্য করবে এবং আরো ভ্রমণকারীকে আকর্ষণ করবে। JFK এবং স্টেটের অন্যান্য বিমানবন্দরের এই রূপান্তর সহজতর এবং আরো নিরাপদ ভ্রমণ নিশ্চিত করবে এবং সার্বিক অভিজ্ঞতা উন্নত করবে।"

টার্মিনাল 8 এর উন্নয়ন হবে পোর্ট অথোরিটি (Port Authority) ও আমেরিকান এয়ারলাইনসের মধ্যে একটি চুক্তি অনুসারে, আগামী তিন বছরে, এটি ব্রিটিশ এয়ারওয়েজকে তাদের বর্তমান অবস্থান টার্মিনাল 7 থেকে এখানে সরিয়ে আনার প্রস্তুতি, এবং সেই স্থানটি গ্রহণ করবে জেটব্লু এয়ারওয়েজ (JetBlue Airways) যারা বিমানবন্দরের উত্তর পাশে একটি নতুন টার্মিনাল নির্মাণ করার পরিকল্পনা করছে। টার্মিনাল 8 আপগ্রেড করার ক্ষেত্রে কোনো পোর্ট অথোরিটি তহবিলের অঙ্গীকার করা হয়নি।

আজকের ঘোষণা হল 2018 সালের অক্টোবর মাসে প্রকাশিত, JFK-এর ভবিষ্যতের জন্য গভর্নর কুওমোর 13 বিলিয়ন মার্কিন ডলারের স্বপ্ন পরিকল্পনার পথে সর্বশেষ ধাপ। এই রেকর্ড বিনিয়োগ, যার 90 শতাংশ আসছে ব্যক্তিগত তহবিল থেকে, আহ্বান করছে একটি সমন্বিত এবং পরস্পর সংযুক্ত বিমানবন্দর যেখানে থাকবে যাত্রীর জন্য অত্যাধুনিক সুযোগসুবিধাসহ দুইটি নতুন আন্তর্জাতিক টার্মিনাল, সুবিধাজনক মাটিতে ভ্রমণের পরিবহন বিকল্প, এবং ব্যাপকভাবে সরলীকৃত রাস্তা যার ফলে বিমানবন্দরের ধারণক্ষমতা বৃদ্ধি পেয়ে বার্ষিক অন্তত 15 মিলিয়ন যাত্রী হবে।

টার্মিনাল 8 এ আমেরিকান এয়ারলাইন্স ও ব্রিটিশ এয়ারওয়েজ এর বিনিয়োগ সার্বিক কাস্টোমার অভিজ্ঞতা উন্নত করবে, এর ফলে মোট 70,400 স্কয়ার ফিট স্থান যুক্ত হবে যার মধ্যে 33,000 স্কয়ার ফিট সবার জন্য উন্মুক্ত স্থান হবে। ইতিমধ্যে বিদ্যমান আরো 57,500 স্কয়ার ফিট স্থান পুনরায় নতুনের মতো করা হবে। নতুন সুযোগসুবিধার মধ্যে থাকছে উভয় এয়ারলাইনসের জন্য প্রিমিয়াম লাউঞ্জ, উন্নত মালামাল সিস্টেম, প্রিমিয়াম চেক-ইন স্থান এবং উন্নততর প্রদত্ত সুবিধা।

আরো ট্রান্সআটলান্টিক ফ্লাইট সম্ভব করার জন্য পাঁচটি অতিরিক্ত ওয়াইড-বডি গেট থাকবে এবং অতিরিক্ত ফ্লাইটের থাকার ব্যবস্থা করার জন্য নিকটস্থ চারটি এয়ারফিল্ডের মধ্যে বিমান পার্কিং/মালামাল নামানোর স্থান থাকবে। ফলে, একই টার্মিনাল থেকে যাত্রীরা লন্ডন পর্যন্ত দৈনিক 14টি ফ্লাইটের সুবিধা ভোগ করবে।

এই অব্যাহত বিনিয়োগগুলি আসছে কারণ সাম্প্রতিক বছরগুলিতে JFK রেকর্ড সংখ্যক যাত্রী ধারণ করেছে, 2018 সালে এটি 61 মিলিয়ন যাত্রী ধারণের মাধ্যমে সর্বকালের সর্বোচ্চ রেকর্ড করে, এটি ছিল আগের বছরের রেকর্ডের তুলনায় 2.5 শতাংশ বেশি।

প্রকল্প চলাকালীন, টার্মিনাল 8 আপগ্রেডের ফলে আনুমানিক 500টি সরাসরি চাকরি এবং মোট 750টি চাকরি তৈরি হবে, যা গভর্নরের মূল 13 বিলিয়ন মার্কিন ডলার JFK স্বপ্ন পরিকল্পনার ফলে সৃষ্ট মোট 9,600 কর্মসংস্থানের সাথে যুক্ত হবে।

পোর্ট অথোরিটি নির্বাহী পরিচালক রিক কটন বলেন, "জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরকে আমাদের কাস্টোমারদের আকাঙ্ক্ষিত ও প্রাপ্য বিশ্বমানের বিমানবন্দর করে তোলার অসাধারণ প্রচেষ্টাতে আমেরিকান এয়ারলাইন্স ও ব্রিটিশ এয়ারওয়েজ যুক্ত হল। এটি JFK-এর ইতিহাসের এক সন্ধিক্ষণ। আমরা রেকর্ড সংখ্যক যাত্রীর জন্য রেকর্ড পর্যায়ে পরিকাঠামো বিনিয়োগ নিয়ে কাজ করছি। আমরা এটিও নিশ্চিত করবো যে ক্লাসের মধ্যে সর্বোচ্চ কাস্টোমার সেবা প্রদান যেন এইসব উদ্যোগের অংশ হয়, JFK কে মার্কিন যুক্তরাষ্ট্রের যোগ্য গেটওয়ে হিসেবে গড়ে তোলার কাজ শুরু হয়ে গেছে।"

গত অক্টোবরে ঘোষিত JFK স্বপ্ন পরিকল্পনার বাস্তবায়নের অংশ হিসেবে, জেটব্লু বিমানবন্দরের উত্তর পাশে 3 বিলিয়ন ডলার মূল্যের 1.2 মিলিয়ন স্কয়ার ফুট নতুন টার্মিনাল নির্মাণ করছে যা এয়ারলাইন্সটির বিদ্যমান টার্মিনাল 5 এর সাথে যুক্ত হবে। পাশাপাশি, আরেকটি নতুন 7 বিলিয়ন ডলার মূল্যের 2.9 স্কয়ার ফুট টার্মিনাল বিমানবন্দরের দক্ষিণ পাশে তৈরি হবে বিদ্যমান টার্মিনাল 1 ও 2 এর স্থান এবং 2014 সালে টার্মিনাল 3 ভেঙ্গে ফেলার ফলে সৃষ্ট খালি স্থানে। দক্ষিণ পাশের নতুন টার্মিনালটি নির্মাণ করবে টার্মিনাল ওয়ান গ্রুপ (Terminal One Group), যা হল লুফথানসা (Lufthansa), এয়ার ফ্রান্স (Air France), জাপান এয়ারলাইন্স (Japan Airlines) এবং কোরিয়ান এয়ারলাইন্স (Korean Air Lines) এই চারটি আন্তর্জাতিক এয়ারলাইনসের একটি সহায়-সঙ্ঘ।

একসাথে, এই প্রয়োজনীয় পরিবর্তনগুলির ফলে বিমানবন্দরের ধারণক্ষমতা বৃদ্ধি পেয়ে অন্তত বার্ষিক 15 মিলিয়ন যাত্রী হবে। পাশাপাশি, টার্মিনাল আপগ্রেডের অংশ হিসেবে অত্যাধুনিক প্রযুক্তিগত উন্নয়ন অন্তর্ভুক্ত হবে। নিউ ইয়র্ক স্টেটের পরিবহন অধিদপ্তর (Department of Transportation) JFK থেকে/পর্যন্ত হাইওয়ে উন্নত করবে, এবং বর্তমানের সাপের মতো প্যাঁচানো গোল গোল রাস্তা সরলীকৃত করার জন্য পোর্ট অথোরিটি বিমানবন্দরের ভেতরের পথ উন্নত করতে বিনিয়োগ করবে।

আমেরিকান এয়ারলাইনসের প্রেসিডেন্ট রবার্ট ইসম বলেন, "আমাদের টার্মিনালে বিনিয়োগ করা এবং আমাদের অংশীদারদের স্বাগত জানানো আমেরিকান ও ব্রিটিশ এয়ারওয়েজ এর সদস্য এবং কাস্টোমার উভয়ের জন্য বিজয়। ব্রিটিশ এয়ারওয়েজ এর সাথে একত্রে অবস্থান করার ফলে আমাদের কাস্টোমাররা এই দুই বিশ্বমানের শহরের মধ্যে একটি নজিরবিহীন যাতায়াত সুবিধা পাবে।"

ব্রিটিশ এয়ারওয়েজ এর সভাপতি ও সিইও অ্যালেক্স ক্রুজ বলেন, "আমরা এটি ঘোষণা করতে পেরে দারুণ আনন্দিত যে আমরা আমাদের আটলান্টিক যৌথ ব্যবসা অংশীদার, আমেরিকান এয়ারলাইনসের সাথে টার্মিনাল 8 এ সরে যাচ্ছি। বর্তমানে এবং ভবিষ্যতে JFK তে শ্রেষ্ঠ কাস্টোমার অভিজ্ঞতার ব্যবস্থা করা হল শীর্ষ অগ্রাধিকার। 2022 সাল থেকে আমাদের নতুন বাড়িতে বিশ্বমানের ট্রান্সআটলান্টিক ভ্রমণ অভিজ্ঞতা প্রদান করার জন্য প্রচেষ্টা অব্যাহত রাখতে আমরা পোর্ট অথোরিটির এবং আমেরিকান এয়ারলাইনসের সাথে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছি।"

JFK এবং LGA তে 8,000 এর বেশি আমেরিকান নিউ ইয়র্ককে নিজের বাড়ি বলে থাকে এবং তারা এয়ারলাইনের সদস্যদের স্বেচ্ছাসেবক কর্মসূচি ডু ক্রিউ (Do Crew) এর মাধ্যমে শহরের জন্য গুরুত্বপূর্ণ বিভিন্ন ধরনের কমিউনিটি ও নাগরিক প্রকল্পে আমেরিকানদের সাহায্য সমর্থন করে। আমেরিকান এয়ারলাইন্স বিমানবন্দরের পুনর্বিকাশ কর্মসূচির অংশ হিসেবে পোর্ট অথোরিটির স্থাপিত নতুন মানদণ্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ নির্মাণ আবশ্যকতা, সম্মতি নির্দেশ, সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসা উদ্যোগ এর (Minority and Women-owned Business Enterprises, MWBE) অংশগ্রহণ, এবং স্থানীয় ব্যবসায় অংশগ্রহণ সংক্রান্ত নতুন বিধান মেনে চলতে সম্মত হয়েছে।

গত হেমন্তে, গভর্নর JFK পুনর্বিকাশ কমিউনিটি উপদেষ্টা পরিষদ (JFK Redevelopment Community Advisory Council) ঘোষণা করেছিলেন, যা গঠিত হয়েছে নির্বাচিত কর্মকর্তা, কমিউনিটি পর্ষদ, অলাভজনক সংস্থা, নাগরিক সংস্থা এবং পাদ্রী নেতাদের নিয়ে। পরিষদের সভাপতি হলেন কুইন্স বরো (Queens Borough) এর প্রেসিডেন্ট মেলিন্ডা ক্যাটজ এবং মার্কিন কংগ্রেসম্যান গ্রেগরি মিকস, এবং এটি ইতিমধ্যে চলমান

কমিউনিটি প্রচার প্রচেষ্টা সম্প্রসারণ করতে পোর্ট অথোরিটির সাথে কাজ করছে, এটি নিশ্চিত করতে যে JFK-এর উচ্চাকাঙ্ক্ষী প্রকল্প যাতে স্থানীয় স্টেকহোল্ডারদের কাছ থেকে চলমান মতামত অনুরোধ করে এবং স্থানীয় ব্যবসা, সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসা এন্টারপ্রাইজ ব্যবসা এবং কর্ম অনুসন্ধানকারীদের অর্থপূর্ণ সুযোগ প্রদান করে। এর মধ্যে রয়েছে গভর্নরের দেশের শীর্ষ 30 শতাংশ MWBE ব্যবহার করার উদ্দেশ্যের প্রতি অঙ্গীকার। সামনের সপ্তাহগুলিতে, প্রকল্পের একটি কমিউনিটি অফিস খোলা হবে কুইন্সের জ্যামাইকাতে, যার ফলে ব্যবসা সুযোগ খোঁজা ফার্মগুলি এবং কর্ম অনুসন্ধানী স্থানীয় বাসিন্দারা সহজে কাজ করতে পারবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন